



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ  
হোল্ডিং নং-০৩, ওয়ার্ড নং-০৯, মাসদাইর, নারায়ণগঞ্জ  
[www.bfsa.narayanganj.gov.bd](http://www.bfsa.narayanganj.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০২.৬৭০০.০০১.৪৭.০০১.২৩-১০৯

তারিখ: ০৫ নভেম্বর ২০২৩

বিষয়ঃ নূর ফুড প্রোডাক্টস কর্তৃক প্রস্তুতকৃত ০২ টি আচারের নমুনায় মাত্রাতিরিক্ত বেনজয়িক এসিডের উপস্থিতি সনাক্ত হওয়ায় উক্ত খাদ্য ও খাদ্যপণ্য প্রত্যাহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে কর্তৃপক্ষের নির্দেশক্রমে নূর ফুড প্রোডাক্টস, মৌচাক, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ থেকে মারুফা আক্তার, নমুনা সংগ্রহ সহকারী কর্তৃক নূর আমের আচার ও নূর জলপাই আচারের নমুনা সংগ্রহ করা হয়। সংগৃহীত নূর ফুড প্রোডাক্টস কর্তৃক প্রস্তুত ও বাজারজাতকৃত আচারগুলোর নমুনায় মাত্রাতিরিক্ত বেনজয়িক এসিডের উপস্থিতি সনাক্ত হয়। সংগৃহীত নমুনা, বিসিএসআইআর-এর ল্যাবরেটরিতে পরীক্ষা করা হয় এবং ল্যাবরেটরি হতে প্রাপ্ত রিপোর্ট বিশ্লেষণ করে নিম্নরূপ ফলাফল পাওয়া যায়।

এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ০২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রত্যাহারে পরিকল্পনা দাখিলসহ (নিম্নমানের, বুকিপূর্ণ বা বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানমালা, ২০২১' মোতাবেক) অনতিবিলম্বে নিম্নে উল্লিখিত ব্যাচের আচার দুইটি মানবস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ বিধায় বাজার থেকে প্রত্যাহার করতঃ চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরাবর পূর্ণ বিবরণ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নমুনার নাম ও প্রয়োজনীয় তথ্য	কোম্পানীর ঠিকানা	পরীক্ষাগার হতে প্রাপ্ত ফলাফল (বেনজয়িক এসিডের পরিমাণ)	BDS 512:2017 BDS CAC 260:2014 অনুযায়ী সসে বেনজয়িক এসিডের গ্রহণযোগ্য মাত্রা
নূর আমের আচার ব্যাচ নং- ০১ উৎপাদনের তারিখঃ ০৯/০৮/২০২৩ মেয়াদঃ ০৮/০৮/২০২৪	নূর ফুড প্রোডাক্টস ডি/৮৩, মৌচাক সড়ক, মিজিমিজি, সিদ্ধিরগঞ্জ নারায়ণগঞ্জ, বাংলাদেশ	২০৬৯.৯০ পিপিএম	১০০০ পিপিএম
নূর জলপাই আচার ব্যাচ নং- ০১ উৎপাদনের তারিখঃ ১৪/০৮/২০২৩ মেয়াদঃ ১৩/০৮/২০২৪	নূর ফুড প্রোডাক্টস ডি/৮৩, মৌচাক সড়ক, মিজিমিজি, সিদ্ধিরগঞ্জ নারায়ণগঞ্জ, বাংলাদেশ	১৬৯৩.১৫ পিপিএম	১০০০ পিপিএম


জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

উল্লেখ্য “নিম্নমানের, ঝুঁকিপূর্ণ বা বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানমালা, ২০২১’ অনুযায়ী খাদ্য প্রত্যাহার কার্যক্রম পরিচালনা করা আবশ্যিক।

সংযুক্তিঃ ১) টেস্ট রিপোর্ট

২) সংশ্লিষ্ট BDS Standard

ব্যবস্থাপনা পরিচালক  
নূর ফুড প্রোডাক্টস  
ডি/৮৩, মৌচাক সড়ক, মিজিমিজি,  
সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ



সুরাইয়া সাইদুন নাহার  
নিরাপদ খাদ্য অফিসার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ  
ইমেইলঃ fso.narayanganj@bfsa.gov.bd

স্মারক নম্বর: ১৩.০২.৬৭০০.০০১.৪৭.০০১.২৩-১০৯

তারিখ: ০৫ নভেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সদস্য ( জনস্বাস্থ্য ও পুষ্টি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৩। পরিচালক (পরীক্ষাগার সমন্বয়), একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৪। একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৫। নথি